

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) ইউনিট



পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) টিমের সদস্যদের সমন্বয়ে ভার্চুয়াল (জুম মিটিং) সভার কার্যবিবরণি।

সভাপতি	মো: রাশিদুল ইসলাম অতিরিক্ত সচিব
সভার তারিখ	২৩ মার্চ, ২০২১
সভার সময়	সকাল ১০:৩০ ঘটিকা
স্থান	সভাকক্ষ (ভবন নং- ০৭, কক্ষ নং- ৬৩৩), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-ক সদয় দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত এবং ভার্চুয়ালি সংযুক্ত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বিবেচ্য সভার গুরুত্ব এবং সে বিষয়ে করণীয় সম্পর্কে গৃহিতব্য ব্যবস্থাসহ সভার কাজ পরিচালনা করার জন্য এ বিভাগের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার এবং অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম কমিটির সদস্য-সচিব জনাব সুশান্ত রায় কে অনুরোধ করেন।

২. সভাপতির অনুমতিক্রমে সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার অভিযোগ প্রতিকার ব্যবস্থা(GRS) সম্পর্কিত সংশ্লিষ্ট তথ্যাদি উপস্থাপন করেন। তিনি সকলকে GRS সিস্টেম সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদান করেন। তিনি সভায় অবহিত করেন যে, দপ্তর/সংস্থার অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা এবং দপ্তর এডমিন পৃথক পৃথক কর্মকর্তা হওয়া প্রয়োজন। এ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০২০-২১ এর ১.৩.১ নং সূচকে GRS কার্যক্রম বিষয়ে নির্দেশনা রয়েছে মর্মে তিনি সভায় সকলকে অবহিত করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

৩. আলোচনা ও সিদ্ধান্ত:

ক্রমিক নং	আলোচনার বিষয়	সিদ্ধান্তসমূহ
১.	দপ্তর/সংস্থা কর্তৃক অনিক এবং দপ্তর এডমিন হালনাগাদকরণের পত্রজারি	দপ্তর/সংস্থা কর্তৃক অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা এবং দপ্তর এডমিনদের কার্যক্রম পত্রজারি করে এ বিভাগের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা কে অবহিত করতে হবে।
২.	অভিযোগ নিষ্পত্তি হালনাগাদকরণের তথ্য	প্রতি ত্রৈমাসিক অন্তর অভিযোগ নিষ্পত্তির হালনাগাদকৃত তথ্য এ বিভাগ কে পত্রজারির মাধ্যমে অবহিত করতে হবে।
৩.	দপ্তর এডমিন	দপ্তর এডমিন অনিক কর্মকর্তাকে তথ্য ও প্রযুক্তি বিষয়ে সর্বোচ্চ সহযোগিতা প্রদান করতে হবে।
৪.	একই ব্যক্তি অনিক এবং দপ্তর এডমিন	একই ব্যক্তি অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা(অনিক) এবং দপ্তর এডমিন হিসেবে দায়িত্ব পালন করতে পারবে না। পূর্বের সিদ্ধান্ত বহাল থাকবে।

৫.	আপিল কর্মকর্তা	GRS নির্দেশিকা মোতাবেক মন্ত্রণালয়/বিভাগের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা(অনিক) দপ্তর সংস্থার আপিল কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। পূর্বের সিদ্ধান্ত বহাল থাকবে।
৬.	অভিযোগ প্রতিকার ব্যবস্থা(GRS) এর ফোকাল পয়েন্ট এবং বিকল্প ফোকাল পয়েন্টদের তথ্য ওয়েবসাইটে প্রকাশকরণ।	অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) এর ফোকাল পয়েন্ট এবং বিকল্প ফোকাল পয়েন্টদের হালনাগাদকৃত তথ্য ওয়েবপোর্টালে প্রকাশ করতে হবে।
৭.	দপ্তর/সংস্থা কর্তৃক অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা এবং দপ্তর এডমিন হালনাগাদকরণের পর ট্রেনিং এর ব্যবস্থা গ্রহণ।	দপ্তর/সংস্থার অনুরোধের প্রেক্ষিতে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সম্পর্কে আরও বিশদ জ্ঞানার্জনের জন্য ভারুয়াল পদ্ধতির মাধ্যমে আগামী এপ্রিল, ২০২১ মাসের সুবিধামত সময়ে একটি প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা যেতে পারে।

৪. আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত ও ভারুয়ালি সংযুক্ত সকল কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মো: রাশিদুল ইসলাম
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০৪৩.১৬.০০৫.২০.৭৭

তারিখ: ১৫ চৈত্র ১৪২৭

২৯ মার্চ ২০২১


বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
- ২) অতিরিক্ত সচিব, প্রশাসন ও বাজেট অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
- ৩) অতিরিক্ত সচিব, আইন ও প্রতিষ্ঠান অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
- ৪) নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর
- ৫) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
- ৬) মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
- ৭) মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)
- ৮) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি: (মিল্কভিটা)
- ৯) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)
- ১০) ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)
- ১১) যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
- ১২) উপসচিব, আইন শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
- ১৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

১৪) প্রোগ্রামার, আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

১৫) সহকারী সচিব, এপিএ সেল, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

১৬) সহকারী প্রোগ্রামার, আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ



সুশান্ত রায়

সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার